কালীগঞ্জে প্রতিষ্ঠা বার্ষিকীতে ছাত্রদলের বর্ণাঢ্য র্যালী

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক কাটা, বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ৯ টার দিকে শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। এরপর সেখানে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটা হয়। এরপর সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় কালীগঞ্জ উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম-আহবায়ক তবিবুর রহমান মিনি।

এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি আহম্মেদ জনি, সহ-সভাপতি হাদিউজ্জামান জুয়েল, উপজেলা ছাত্রদল এর সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, কলেজ ছাত্রদলের আহবায়ক সাজিদ হাসান জনি, সদস্য সচিব কামরুল ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক এরশাদ হোসেন সোনা, সহ-সাংগঠনিক সম্পাদক ইশতিয়াক পারভেজ, বিজ্ঞান ও গবেষণা বিষয়ক সম্পাদক নাহিদ পারভেজ, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহবায়ক মোঃ আলাউদ্দিন,

শাহাদৎ হোসেন রিওন, তারেকুর রহমান টিপু, পৌর ছাত্রদলের মুশফিকুর রহমান তানভীর, হাসানুজ্জামান ইবন, আশরাফুল ইসলাম নিরব, সাকিবুল হাসান, শিপন আহমেদ কলেজ ছাত্রদলের সিনিয়র যুগ্ম-আহবায়ক আল আমিন, যুগ্ম-আহবায়ক হারুন-উর রশিদ রাজা, ইফতি জাহান, দিপু পারভেজ, খালেদ সাইফুল্লাহ শাওন, জেলা ছাত্রদলের সদস্য মুন্না মোল্লা,

সদস্য মালেক জিহাদী, উপজেলা ছাত্রদলের সদস্য মনিরুজ্জামান মুন্না, সাব্বির হাসান, চঞ্চল হোসেন, সোহেল রানা, জুয়েল মিয়া,

রাজিবুল ইসলাম রাজিব, পৌর ছাত্রদলের সদস্য তারেক মাহমুদ, শাকিবুল হাসান শান্ত, মোস্তফা কামাল, কলেজ ছাত্রদলের সদস্য শাহরিয়ার হাসান সীমান্ত, ফাহিম শাহরিয়ার, খালিদ হাসান রকিসহ ছাত্রদলের প্রায় ৩ শতাধিক নেতাকর্মী।

মেহেরপুরে ভোটাধিকার পুনরুদ্ধারের দাবিতে বিএনপি’র বিক্ষোভ সমাবেশ

ভোটাধিকার পুনরুদ্ধারের দাবিতে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
বুধবার সকালে জেলা বিএনপি’ সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন এর সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।
সমাবেশে সভাপতিত্ব করেন জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন, বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।
এছাড়াও সমাবেশে উপস্থিত ছিলেন জেলা বিএনপি ও সকল অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দরা।

ঝিনাইদহে বিএনপির গণতন্ত্র হত্যা দিবস পালন

ঝিনাইদহে গণতন্ত্র হত্যা দিবস পালন করেছে বিএনপি।
বুধবার সকালে শহরের এইচএসএস সড়কের বিএনপির দলীয় কার্যালয়ে জেলা বিএনপির পক্ষ থেকে বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়।

জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আকতারুজ্জামান এর সভাপতিত্বে এসময় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম

মশিয়ুর রহমান।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মৎস্যজীবী দল কেন্দ্রীয় কমিটির যুগ্ম আহ্বায়ক এ কে এম ওয়াহেদ, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহিদুজ্জামান মনা, সদর থানা বিএনপির আহ্বায়ক এ্যাড. মুন্সী কামাল আজাদ পান্নু, সদস্য সচিব আলমগীর হোসেন, বিএনপি নেতা আশরাফুল ইসলাম পিন্টু, মোফাজ্জেল মুন্সী, টোকন জোয়ার্দ্দারসহ অন্যান্যরা।

এসময় বক্তারা, ৩০ ডিসেম্বর গণতন্ত্র হত্যা দিবস উল্লেখ করে একাদশ জাতীয় সংসদ নির্বাচন বাতিল করে পুনরায় নির্বাচনের দাবি জানান।

দেশের ইতিহাসে আজ সবচেয়ে কলঙ্কজনক দিন: ফখরুল

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আমাদের খুব দুঃখ হয়, লজ্জা হয়, যখন দেখি, এই সমাবেশে আসতে আমাদের নেতাকর্মীদের বাধা দেওয়া হয়। আজ বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে কলঙ্কজনক একটি দিন। ২০১৮ সালের এই দিনে একদলীয় শাসন প্রতিষ্ঠার জন্য রাষ্ট্রযন্ত্র ব্যবহার করে ভোট চুরি করে ক্ষমতা পাকাপোক্ত করেছে আওয়ামী লীগ। আজ সেই কলঙ্কময় দিন। যেদিন এদেশে জনগণের ভোটাধিকার হত্যা করা হয়েছে।

বুধবার (৩০ ডিসেম্বর) দুপুর ১২টায় রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে গণতন্ত্র হত্যা দিবস উপলক্ষে আয়োজিত বিক্ষোভ সমাবেশে এসব কথা বলেন তিনি।

বিএনপি মহাসচিব বলেন, এই গণতান্ত্রিক সংগ্রাম শুধু বিএনপির একার নয়, সব দল মতের সংগ্রাম। সবাইকে ঐক্যবদ্ধ হয়ে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করতে হবে। নতুন বছরে ঐক্যবদ্ধ হয়ে জনগণের সরকার প্রতিষ্ঠায় শপথ নিতে হবে।

বিএনপির যুগ্ম মহাসচিব হাবিবুন্নবী খান সোহেল বলেন, আজ থেকে ২

বছর আগে রাতে এদেশে ভোট হয়নি। রাতে ভোট ডাকাতি করা হয়েছে। মানুষের ভোটাধিকার কেড়ে নেওয়া হয়েছে। আজ আওয়ামী লীগ গণতন্ত্রের বিজয় দিবস পালন করছে। আমরা জানি না, করোনার ভ্যাকসিন কারা পাবে, ভ্যাকসিন দেবে নাকি পানি শরীরে পুশ করবে। করোনা ভ্যাকসিন নিয়ে যদি কোনো দুর্নীতি করা হয়, তাহলে সারা বাংলাদেশে আগুন জ্বলবে। সমাবেশে বিএনপির কেন্দ্রীয় ও ঢাকা মহানগরের নেতাকর্মীরা বক্তব্য রাখেন।

‘নির্ভীক সংবাদমাধ্যম ছাড়া দারিদ্র্য নিরসন সম্ভব নয়’- ডা. জাফরুল্লাহ চৌধুরী

‘সাংবাদিকরা নির্ভয়, সাংবাদিকরাই করোনাকালে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। নির্ভীক সচেতন সংবাদ মাধ্যম ছাড়া কখনোই দরিদ্রতা নিরসন হবে না। সমাজের প্রকৃত চিত্র তুলে ধরতে হবে।’

আজ সোমবার (২৮ ডিসেম্বর) দুপুরে ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে ‘শীতকালে করোনা প্রতিরোধ ও করণীয় এবং শীতবস্ত্র বিতরণে বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান’ শীর্ষক আলোচনাসভায় এসব কথা বলেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী।

ডা. জাফরুল্লাহ বলেন, সাংবাদিকরা নির্ভয়, সাংবাদিকরাই করোনাকালে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। নির্ভীক সচেতন সংবাদ মাধ্যম ছাড়া কখনোই দরিদ্রতা নিরসন হবে না। সমাজের প্রকৃত চিত্র তুলে ধরতে হবে। একটা কথা আছে মন যেটা জানেনা চোখ সেটা দেখেনা। সমস্যা ক্রমেই বাড়ছে।

জাফরুল্লাহ আরো বলেন, সাংবাদিক বন্ধুদের বলতে চাই, যতই আপনাদের বিপদ হোক, যেই নির্ভীক সাহসিকতার সাথে আপনারা কাজ করছেন, সেটাকে অব্যাহত রাখেন। সবাই মিলিত ভাবে কাজ করলে দেশের দরিদ্রতা অনেক কমবে। সবাই মিলে সংগ্রাম অব্যাহত রাখতে হবে। যতই বিপদ আসুক, আমরা

মিলিতভাবে ন্যায় এবং নীতির জন্য আমাদের আন্দোলনকে অব্যহত রাখতে হবে। এই সাহসই বাংলাদেশকে সুন্দর দেশ হিসেবে প্রতিষ্ঠিত করবে। সামাজিক বৈষম্য না কমলে আমি, আপনি, কেউই সুখে থাকতে পারবোনা।

সরকার গণমাধ্যমে কণ্ঠরোধ করছে উল্লেখ করে জাফরুল্লাহ বলেন, আজকের সাধারণ মানুষ যেমন পর্যুদস্ত। আমরা প্রত্যেকেই অবহেলিত এবং পর্যদুস্ত। যারাই তাদের কথা বলতে চাইবে, ডিজিটাল নিরাপত্তা আইনের মাধ্যমে তাদের মুখ বন্ধ করে দেওয়ার চেষ্টা সরকারের। সরকার উপলব্ধি করে না সত্যটাকে কাছে আনলে সরকারের পরিকল্পনা অনেক সহজ হতো। সরকার তা না করে, যে সত্যটা তুলে ধরতে চাইবে, তার কণ্ঠরোধ করা হচ্ছে। এই কণ্ঠরোধ করাটাই একদিন ওই রাজনীতিবিদকে কারাগারে নিয়ে যাবে। আমাদের জাতির সামনে কঠিন বিপদ আসছে। প্রতিটি ক্ষেত্রে সুবিবেচনা এবং সাহসের ক্ষেত্রে মোকাবিলা না করলে, জনসাধারণকে সম্পৃক্ত না করলে, এ সমস্যার সুরাহা হবে না।

করোনা টিকা উৎপাদন প্রসঙ্গে ডা. জাফরুল্লাহ বলেন, ভ্যাকসিন আসলে কে কয়টা পাবেন, সেটা আপনারা দেখেছেন। আমি মনে করি, এ কাজ অনেক সহজ হতো, সরকার যদি ড. মুহাম্মদ ইউনূসকে এ কাজে সম্পৃক্ত করতো। কম্পোলসারি লাইসেন্স বলে একটা নিয়ম আছে, এটা সুযোগ নিয়ে আমরা ব্যাপক আকারে ভ্যাকসিন তৈরি করতে পারি। আপনারা জানেন অক্সফোর্ডে পেনিসিলিন আবিষ্কৃত হয়েছিল। কিন্তু তারা কখনোই এটাকে প্যাটেন্ট করেনি। তারা মনে করেছিল জনসাধারণের জন্য পেনিসিলিন উন্মুক্ত থাকবে। পেনিসিলিন যে পাত্রে আবিষ্কার করা হয়েছিল, তার একটি পাত্র তারা গণস্বাস্থ্য কেন্দ্রকে দান করেছিন। প্রতীকী অর্থে তারা বলতে চেয়েছিল গণস্বাস্থ্যও যেন এসব কাজে সম্পৃক্ত থাকে।

ডা. জাফরুল্লাহ আরো বলেন, ‘আমি নিশ্চিত ড. ইউনুস এবং অন্যান্য নোবেল লরিয়েটরা যদি অক্সফোর্ডকে বলতো, তোমরা অতীতের মতো সহযোগিতা করো আমরা আমাদের দেশেই করোনার ভ্যাকসিন তৈরি করি। দেশীয় গ্লোবের করোনার ভ্যাকসিন এগিয়ে রয়েছে। আমরাও ইচ্ছা করলে ভ্যাকসিন তৈরি করতে পারি। তাহলে পর্যাপ্ত ভ্যাকসিন তৈরি হতো। দেশের প্রতিটা লোক ভ্যাকসিন পেত।

গণস্বাস্থ্য কেন্দ্রের অ্যান্টিবডি কিট তৈরির প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, আমরাই বিশ্বের প্রথম মার্চ মাসে এন্টিবডি কিট আবিষ্কার করেছিলাম। শেখ মুজিবুর রহমান বেঁচে থাকলে জড়িয়ে ধরে বলতেন, জাফরুল্লাহ জবর কাজ করেছ। কিন্তু সরকার আমাদের প্রতিটা পদে কাটা বিছিয়েছে। এখনো আমরা অ্যান্টিবডি কিটের অনুমোদন

পায়নি। এরপর অনেক দেশ অ্যান্টিবডি কিট উৎপাদন করেছে। আমাদের কিটের অনুমোদন দিলে দেশ আর্থিকভাবে লাভবান হতো। এন্টিবডি কিট আবিষ্কার করতে আমাদের ১০ কোটি টাকা ক্ষতি হয়েছে। এ ১০ কোটি টাকা দিয়ে আমরা অনেক বেশি গরিব মানুষকে সাহায্য সহযোগিতা করতে পারতাম।

গণস্বাস্থ্য আবিষ্কৃত অ্যান্টিজেন কিট প্রসঙ্গে জাফরুল্লাহ বলেন, আমাদের বিজ্ঞানী ড. বিজন কুমার শীল অ্যান্টিজেন কিট আবিষ্কার করলেন। সরকার আমাদের কন্ডিশন দিল এ কিট আমেরিকা থেকে পরীক্ষা করিয়ে আনতে হবে। এতে আরো তিন কোটি টাকার প্রয়োজন। আজকে যদি এমন নিয়ম থাকতো তাহলে বাংলাদেশে ওষুধ নীতি হতো না। বাংলাদেশ পৃথিবীর প্রথম শ্রেণির ঔষধ উৎপাদনকারী দেশ হতে পারত না।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন গণস্বাস্থ কেন্দ্রের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মঞ্জুর কাদির আহমেদ, ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া প্রমুখ।

গাংনী পৌর নির্বাচন উপলক্ষে বিএনপির কর্মী সভা

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে কর্মী সভা করেছে বিএনপি। শনিবার সন্ধ্যায় শিশিরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ২ নং ওয়ার্ড বিএনপির সভাপতি মুন্নাফ আলী। এসময় গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও মেয়র প্রার্থী আসাদুজ্জামান বাবলু,সাবেক উপজেলা চেয়ারম্যান মুরাদ আলী,পৌর কৃষকদেলের সভাপতি আব্দুল মান্নান, সাধারন সম্পাদক শরিফুল রইসলাম, বিএনপি নেতা আব্দুল গনী, আব্দুল খালেক, ইমন আহমেদ,

মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন,গাংনী উপজেলা ছাত্রদলের সভাপতি নাজমুল খান,গাংনী পৌর ছাত্রদের সভাপতি ইমন, সরকারী ডিগ্রী কলেজের সভাপতি জুনাইদ আহমেদ সহ বিএনপির ও অঙ্গ

শৈলকুপায় বিএনপি মনোনীত মেয়র প্রার্থীর মনোনয়ন জমা

ঝিনাইদহের শৈলকুপা পৌর নির্বাচনে মেয়র পদে বিএনপি মনোনীত প্রার্থী খলিলুর রহমান মনোনয়ন পত্র দাখিল করেছেন। গতকাল শনিবার বিকাল ৪টায় পৌর নির্বাচনের সহকারী রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে তিনি এ মনোনয়ন পত্র জমা দেন।

এ সময় তার সাথে উপস্থিত ছিলেন শৈলকুপা উপজেলা বিএনপির আহবায়ক আবুল হোসেন, পৌর বিএনপির আহবায়ক আবু তালেব মিয়া, যুগ্ম আহবায়ক মিজানুর রহমান বাবলু, সেলিম রেজা ঠান্ডু।

পৌর নির্বাচনের সহকারী রিটার্নিং কর্মকর্তা উপজেলা নির্বাচন অফিসার জুয়েল আহম্মেদ জানান, শনিবার বিকাল ৪টায় পৌর নির্বাচনে মেয়র পদে বিএনপি মনোনীত প্রার্থী খলিলুর রহমান মনোনয়ন পত্র দাখিল করেছেন। আগামী ১৬ জানুয়ারী ইভিএমএ ভোট গ্রহণ সম্পন্ন হবে বলেও তিনি জানান।

জেলা বিএনপির উদ্দ্যোগে মহান বিজয় দিবস পালন

“মহান বিজয় দিবস-২০২০ হোক শৃংখল মুক্তির” এই অঙ্গীকারে আলোচনা সভা, বর্নিল শোভাযাত্রা, শহীদ স্মৃতিসৌধে পুস্পমাল্য অর্পণ সহ বিভিন্ন কর্মসূচী পালন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ বুধবার সকাল ১০টায় মেহেরপুর জেলা বিএনপি কার্যালয় প্রাঙ্গনে

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডঃ মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির সহ-সভাপতি শেখ সাঈদ আহমেদ, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, প্রমুখ।

আলোচনা সভা শেষে পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে বর্ণিল বিজয় শোভাযাত্রা শহর প্রদক্ষিন করে মেহেরপুর সরকারি কলেজ মোড়স্থ শহীদ স্মৃতিসৌধে পুস্মমাল্য অর্পণ করা হয়।

আলোচনা সভা, শোভাযাত্রা ও পুস্পমাল্য অর্পণ কর্মসূচীতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, মেহেরপুর পৌর বিএনপির সহ-সভাপতি হাজী ফজলু খান, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম সম্পাদক মনিরুল ইসলাম মনি, পৌর বিএনপির সহ-সভাপতি হাবিব ইকবাল, জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা,

সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক আবু ইউসুফ মিরন, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক হাফিজুর রহমান হ্যাপি, জেলা মুক্তিযোদ্ধা দলের আহবায়ক রাইহানুল কবীর, জেলা যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু,

জেলা জাসাস এর আহবায়ক প্রভাষক মাহফুজুর রহমান অশেষ, জেলা জাসাস এর সদস্য সচিব বাকাবিল্লাহ, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সহ-সভাপতি তৌফিক এলাহী সাকিল, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল, সদস্য সচিব রাশেদুল ইসলাম রাজন, মেহেরপুর সরকারী কলেজের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

গভীর রাতে বিএনপি নেতা ইশরাক হোসেনের বাসভবনে হামলা

বিএনপি নেতা ইঞ্জিনিয়ার ইশরাক হোসেনের গোপিবাগের বাসভবনে হামলা চালিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার দিবাগত রাত ৩ টার দিকে এ হামলার ঘটনা ঘটে।

এসময়, বাসায় তেমন কোন লোকজন না থাকায় হতাহতের ঘটনা না ঘটলেও বাসভবনের গ্লাস ভাঙচুর করা হয়েছে। ইট পাটকেল নিক্ষেপ করে বাসার গ্লাস ও বাসার সামনের পোস্টার ও ফেস্টুন ছিঁড়ে ফেলা হয়েছে।

তবে, কে বা কারা হামলা চালিয়েছে এ বিষয়ে স্পষ্টভাবে কিছু জানা না গেলেও প্রত্যক্ষদর্শীরা বলছেন, জয় বাংলা স্লোগান দিয়ে এসেছিল হামলাকারীরা।

তারা বলছেন, আনুমানিক রাত ২ টার পরপরই প্রায় ১ থেকে দেড়’শ মোটর সাইকেলের বহর আসে গোপীবাগের ২য় লেনে। এরপর সেখান থেকেই আকস্মিকভাবে হামলা চালায় তারা।

এ সময় ইট পাটকেল ও দেশীয় অস্ত্রে সজ্জিত হামলাকারীরা হেলমেট পড়া অবস্থায় থাকায় তাদের চেনা যায়নি বলেও জানান তারা।

হামলার সময় ইশরাক হোসেন এ বাসায় ছিলেন না।

আলমডাঙ্গায় বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা

আলমডাঙ্গার বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে আনন্দধাম রোডের ফায়ার সার্ভিস সংলগ্ন চাতালে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল জব্বারের

সভাপতিত্বে উপস্থিত ছিলেন যুগ্ন আহবায়ক কামরুজ্জামান বকুল, গোলাম মোস্তফা বিশ্বাস, মিজানুর রহমান, সাবেক কমিশনার নাসির উদ্দিন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আজিজুর রহমান।

পিন্টুর উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন হাফিজুর রহমান চমক, জিল্লুর রহমান ওল্টু, মানোয়ার হোসেন মল্লিক, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি রফি উদ্দিন, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজেদ হোসেন, হারদি বিএনপি নেতা প্রবাস খান, যুবদল নেতা মকলেছুর রহমান মুকুল,

খাইরুল ইসলাম, সালাম শাহ, সুমন, রফিকুল ইসলাম, জাহাঙ্গীর আলম চৌধুরী, পৌর বিএনপির সদস্য সচিব সাইফুল ইসলাম কনক, ছাত্রদলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব রাসেল আহমেদ প্রমুখ।